গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মহাপরিচালকের কার্যালয়

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।

**www.shniyd.gov.bd**

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৬.২১- ১১৮০

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৯ ব. / ০৯/০৯/২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা এর রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে shniyd.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

<table>
<tr><th>ক্র:নং</th><th>পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)</th><th>পদের সংখ্যা</th><th colspan="2">শিক্ষাগত যোগ্যতা</th></tr>
<tr><td>০১</td><td>সহকারী পরিচালক<br>(গ্রেড- ৯ম) ২২০০০-৫৩০৬০/-</td><td>০৪টি</td><td colspan="2">ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক(সম্মান) ডিগ্রি; অথবা<br>গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।</td></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>যে বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে</td><td>শিক্ষাগত যোগ্যতা (ন্যুনতম)</td></tr>
<tr><td>০২</td><td>প্রভাষক (আইসিটি)<br>(গ্রেড- ৯ম) ২২০০০-৫৩০৬০/-</td><td>০১টি</td><td>কম্পিউটার সায়েন্স/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং</td><td rowspan="5">ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) ডিগ্রী; অথবা<br>গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।</td></tr>
<tr><td>০৩</td><td>প্রভাষক (কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ)<br>(গ্রেড- ৯ম) ২২০০০-৫৩০৬০/-</td><td>০১টি</td><td>ক) স্নাতক: ইংলিশ/ইংলিশ ফর স্পিকারর্স অব আদার ল্যাংগুয়েজ (ESOL)।<br>খ) স্নাতোকোত্তর: টিচিং ইংলিশ টু স্পিকারর্স অব আদার ল্যাংগুয়েজ (TESOL)/ ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ELT)/ ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং এন্ড এপ্লাইড লিংগুইসটিকস(ELTAL)</td></tr>
<tr><td>০৪</td><td>প্রভাষক (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট)<br>(গ্রেড- ৯ম) ২২০০০-৫৩০৬০/-</td><td>০১টি</td><td>ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট/ট্যুরিজম এন্ড হসপিটালিটি টেকনোলজি/ হোটেল ম্যানেজমেন্ট এন্ড ট্যুরিজম</td></tr>
<tr><td>০৫</td><td>প্রভাষক (হর্টিকালচার)<br>(গ্রেড- ৯ম) ২২০০০-৫৩০৬০/-</td><td>০১টি</td><td>স্নাতক; কৃষি এবং<br>স্নাতকোত্তর: হর্টিকালচার</td></tr>
<tr><td>০৬</td><td>প্রভাষক (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি)<br>(গ্রেড- ৯ম) ২২০০০-৫৩০৬০/-</td><td>০১টি</td><td>টেক্সটাইল ফ্যাশন ডিজাইন / ফ্যাশন এন্ড টেকনোলজি</td></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>যে বিষয়ে স্নাতকোত্তর/স্নাতক/ডিপ্লোমা থাকতে হবে</td><td>শিক্ষাগত যোগ্যতা (ন্যুনতম)</td></tr>
<tr><td>০৭</td><td>ইন্সট্রাক্টর (আইসিটি)<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০২টি</td><td>কম্পিউটার সায়েন্স/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং</td><td rowspan="6">ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নূন্যতম ২য় শ্রেণি / সমমানের সিজিপিএতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে সংশ্লিষ্ট বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি; অথবা<br>গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা।<br>ঘ) সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন।</td></tr>
<tr><td>০৮</td><td>ইন্সট্রাক্টর (ফিশারিজ)<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০১টি</td><td>ফিশারিজ</td></tr>
<tr><td>০৯</td><td>ইন্সট্রাক্টর (কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ)<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০২টি</td><td>ক) স্নাতক: ইংলিশ/ইংলিশ ফর স্পিকারর্স অব আদার ল্যাংগুয়েজ (ESOL)।<br>খ) স্নাতোকোত্তর: টিচিং ইংলিশ টু স্পিকারর্স অব আদার ল্যাংগুয়েজ (TESOL)/ ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ELT)/ ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং এন্ড এপ্লাইড লিংগুইসটিকস(ELTAL)</td></tr>
<tr><td>১০</td><td>ইন্সট্রাক্টর (ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন) (গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০১টি</td><td>ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন/ ফুড টেকনোলজি</td></tr>
<tr><td>১১</td><td>ইন্সট্রাক্টর (ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি) (গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০২টি</td><td>টেক্সটাইল ফ্যাশন ডিজাইন অথবা ফ্যাশন এন্ড টেকনোলজি</td></tr>
<tr><td>১২</td><td>ইন্সট্রাক্টর (ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং)<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০১টি</td><td>ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং</td></tr>
<tr><td>১৩</td><td>ইন্সট্রাক্টর (কৃষি)<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০১টি</td><td>কৃষি</td><td rowspan="2"></td></tr>
<tr><td>১৪</td><td>ইন্সট্রাক্টর (অটোমোবাইল)<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০১টি</td><td>স্নাতক: মেকানিক্যাল/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং<br>ডিপ্লোমা: অটোমোবাইল টেকনোলজি</td></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td colspan="2">শিক্ষাগত যোগ্যতা</td></tr>
<tr><td>১৫</td><td>উপসহকারী প্রকৌশলী<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০১টি</td><td colspan="2">কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি।</td></tr>
<tr><td>১৬</td><td>সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট<br>(গ্রেড- ১০ম) ১৬০০০-৩৮৬৪০/-</td><td>০১টি</td><td colspan="2">কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএতে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি।</td></tr>
<tr><td>১৭</td><td>ব্যক্তিগত সহকারী<br>(গ্রেড- ১১) ১২৫০০-৩০৩২০/-</td><td>০২টি</td><td colspan="2">কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন হইতে হইবে। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সমপদে কমপক্ষে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে।</td></tr>
<tr><td>১৮</td><td>সহকারী লাইব্রেরীয়ান-<br>(গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০/-</td><td>০১টি</td><td colspan="2">কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) ডিগ্রি।</td></tr>
<tr><td>১৯</td><td>হিসাব রক্ষক<br>(গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০/-</td><td>০১টি</td><td colspan="2">কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বানিজ্য বা ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক(সম্মান) ডিগ্রি। হিসাব সংক্রান্ত কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।</td></tr>
<tr><td>২০</td><td>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)<br>৯৩০০-২২৪৯০/-</td><td>০৪টি</td><td colspan="2">স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় শ্রেণিতে উত্তীর্ণ এবং সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন হইতে হইবে। কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ও ইংরেজীতে সর্বনিম্ন ৩০ শব্দের গতি।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২১ | স্টোর কিপার<br>(গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০১টি | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। |
| ২২ | হিসাব সহকারী<br>(গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০১টি | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বানিজ্য বা ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। |
| ২৩ | অফিস সহায়ক<br>(গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | ০৫টি | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

নিয়োগের শর্তাবলী: ১। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলে ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| সিজিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | ৩.৭৫ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| সিজিপিএ ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৭১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ |

২। বয়সসীমা: ক) বর্ণিত পদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর (০৯/০৯/২০২২খ্রি. তারিখে) খ) বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/নাতী এবং শারিরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর।

৩। নিয়োগকৃত কর্মকর্তার চাকুরী শেখ হাসিনা জাতীয় উন্নয়ন ইনস্টিটিউট-এর কর্মচারী প্রবিধানমালা ২০২১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে যে সকল বিষয় বিধিমালায় উল্লেখ নেই সেক্ষেত্রে চাকুরী সংক্রান্ত সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য আইন/বিধি প্রযোজ্য হবে।

৪। প্রার্থী কর্তৃক দখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তাথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায় তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৬। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র প্রদান করতে হবে।

৭। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, বাংলাদেশ গেজেট এর লাল মুক্তিবার্তার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এ ছাড়া জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে এবং বিস্তারিত তথ্যের জন্য www.shniyd.gov.bd ওয়েব সাইট ভিজিট করুণ।

১৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। এক জন প্রার্থী উপর্যুক্ত যেকোন একটি পদে আবেদন করতে পারবেন।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **shniyd.teletalk.com.bd** অথবা www.shniyd.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে পরীক্ষা ফি সহ Online registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করলে নিয়োগ বিজ্ঞপ্তি ২০২২ এর আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনাবলি এবং নির্ধারিত Application Form এর লিংক দৃশ্যমান হবে। Application Form এর লিংক এ ক্লিক করলে বর্ণিত পদ সমূহের রেডিও বাটন দৃশ্যমান হবে। রেডিও বাটন সিলেক্ট করে Next বাটনে ক্লিক করলে Application Form পাতায় প্রবেশ করা যাবে।

খ) আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৪/০৯/২০২২খ্রি. সকাল ১০:০০ টা থেকে এবং জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ২৯/০৯/২০২২খ্রি.বিকাল ৫.০০ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় হতে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন;

গ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁহার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করিয়া Upload করবেন;

ঘ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঙ) অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনামতে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারের ছবিসহ Application preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাওয়া যাবে। Applicant's copy টি download পূর্বক রঙিন প্রিন্ট করে পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

চ) প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk pre-paid মোবাইল নাম্বারের মাধ্যমে SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ১৬নং পদের জন্য ৫০০/- টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ ৬০ টাকা মোট ৫৬০/- টাকা, ক্রমিক নং ১৭ হতে ২৩নং পদের জন্য ৩০০/- টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ ৩৬ টাকা মোট ৩৩৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হইলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্রটি কোনোভাবেই গৃহিত হবে না। নিম্নে SMS এর নির্দেশনা User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি উল্লেখ করা হল।

<u>SMS করার পদ্ধতি:</u>

প্রথম SMS: SHNIYD<space>User ID লিখিয়া 16222 নম্বরে Send করতে হবে।
Example: SHNIYD ABCDE and send to 16222
দ্বিতীয় SMS: SHNIYD<space>Yes<Space>PIN লিখে 16222 নম্বরে send করতে।
Example: SHNIYD YES 123456 and send to 16222
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাওয়া যাবে। Password টি Admit card (প্রবেশপত্র) download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

<u>User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি:</u>

শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: SHNIYD<space>Help<space>User<space> User ID & Send to 16222. Example: SHNIYD Help User ABCDEF & send to 16222
(ii) PIN Number জানা থাকলে: SHNIYD<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222

Example: SHNIYD Help PIN 12345678 & send to 16222

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **shniyd.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থী মোবাইল ফোনে এর SMS মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিক অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র download পূর্বক রঙিন Print সংরক্ষণ করিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

PF-1567-789/22 (24"x3)